

## ইংরেজি মাধ্যমের সাত হাজার শিক্ষার্থীর জীবনে মহাবিপর্ষয় বাতিল 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক >

হরতাপের কারণে আজ বুধবারের 'এডভেন্স' কারিকুলামের 'ও' এবং 'এ' লেভেলের সব পরীক্ষা বাতিল করা হয়েছে। গতকাল বুধবার ব্রিটিশ কাউন্সিলের বাংলাদেশ ফেসবুক পেজে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ ছাড়া শিক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে এ তথ্য জানিয়ে দেওয়া হয়।

অবরোধের মধ্যেই গত ৬ জানুয়ারি থেকে এ পরীক্ষা চলছে। এবার প্রায় সাত হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছে। আজ ও আগামীকাল ঢাকা ও খুলনা বিভাগে টানা ৪৮ ঘণ্টা হরতাপের কারণে এই পরীক্ষা বাতিল করা হলো। ফলে তাদের আবার এই পরীক্ষা দেওয়ার জন্য এক বছর অপেক্ষা করতে হবে।

'এডভেন্স ও ক্যানভিঞ্জ' কারিকুলামে সারা বিশ্বে শিক্ষার্থীরা পড়ালেখা করে। প্রতিবছর দুইবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা সারা বিশ্বে একই দিনে একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হয়। যদি কোনো দেশে কোনো কারণে নির্দিষ্ট দিনে পরীক্ষা হয় তাহলে এ পরীক্ষা কর্তৃপক্ষ ইচ্ছা করলে পরবর্তী সময়ে নিতেও পারে বা নাও নিতে পারে। সাধারণত ছয় মাস পর ছাড়া আর ওই পরীক্ষা দেওয়ার সুযোগ থাকে না। কারণ কর্তৃপক্ষ কোনো নির্দিষ্ট দেশের জন্য নতুন করে প্রশ্নপত্র তৈরি করে আবার পরীক্ষা নেয় না।

তবে ছয় মাস পর পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে একজন শিক্ষার্থীকে নতুন সিলেবাসে অংশ নিতে হয়; যা একজন শিক্ষার্থীর ক্ষেত্রে কোনোভাবেই সম্ভব নয়। ফলে একবার পরীক্ষা বাতিল হলে এক বছর পরই সাধারণত পরীক্ষায় অংশ নিতে হয়।